

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-৩  
( [www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd) )

নং- ৫৭.০০.০০০০.০৭৫.০০৪.৪৮.১৭-২৬

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ  
০১ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ


বিষয়: রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন এনায়েতপুর দাখিল মাদ্রাসাটি স্থানান্তরের অনুমতি প্রদান।  
সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.১৭.০০৩.১৮.১৯, তারিখ: ০৮.০২.২০২১খ্রি।

উপযুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সুপারিশের আলোকে রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন এনায়েতপুর দাখিল মাদ্রাসার একাডেমিক সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে প্রস্তাবিত এনায়েতপুর মৌজার দাগ নং ৪১৫৪ এর ০.৩৩ একর জমিতে স্থানান্তরের অনুমতি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলোঃ

(ক) স্থানান্তরিত স্থানে একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় অবকাঠামো রয়েছে মর্মে উপজেলা নির্বাহী অফিসার পীরগঞ্জ এর প্রত্যয়ন আগামী ১০.০৩.২০২১ তারিখের মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে দাখিল করতে হবে;

(খ) স্থানান্তরিত স্থানে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের আরো প্রয়োজন থাকলে তা নির্মাণ করতে হবে; এবং

(গ) যেহেতু দানকৃত ৪১৫৪ দাগে ০.৩৩ একর জমি বর্ণিত দাখিল মাদ্রাসার নামে নয় বরং ফুরকানিয়া মাদ্রাসার নামে; সেহেতু ভবিষ্যতে জটিলতা এড়ানোর নিমিত্ত ০.৩৩ একর জমির দাতার বর্তমান ওয়ারিশগণের নিকট হতে আগামী ০৩(তিন) মাসের মধ্যে এনায়েতপুর দাখিল মাদ্রাসার অনুকূলে রেজিস্ট্রিকৃত দানপত্র সম্পাদন নিশ্চিত করে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে অবহিত করতে হবে।

  
(সৈয়দ আসিম আলী) ০৪/৬/২০২১  
সহকারী সচিব (মাদ্রাসা-৩)  
ফোন ৯৫৪৫৭২০

সুপার  
এনায়েতপুর দাখিল মাদ্রাসা  
উপজেলা-পীরগঞ্জ, জেলা-রংপুর।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, ৭ম তলা, নিউ বেইলী রোড, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত্র, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বক্শিবাজার, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, রংপুর।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর।
- ৭। জেলা শিক্ষা অফিসার, রংপুর।
- ৮। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। অফিস কপি।